ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩০৯৬

অমরপুর, ৩ অক্টোবর, ২০২৫

**অমরপুরে শচীন দেববর্মণের জন্মজয়ন্তী উদযাপন**

মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের উদ্যোগে ও অমরপুর নগর পঞ্চায়েত এবং অমরপুর অগ্রগামী সংঘের সহায়তায় গত ১ অক্টোবর টাউন শংকর পল্লীর অগ্রগামীর সংঘের প্রাঙ্গণে কুমার শচীন দেববর্মণের জন্মজয়ন্তী উদযাপন করা হয়। অনুষ্ঠানে বিধায়ক রঞ্জিত দাস উপস্থিত থেকে কুমার শচীন দেববর্মণের জীবনির উপর আলোচনা করেন। অনুষ্ঠানে এছাড়াও অমরপুর নগর পঞ্চায়েতের চেয়ারম্যান বিকাশ সাহা, সমাজসেবক উজ্জ্বল দত্ত ও বিশ্বনাথ চক্রবর্তী প্রমুখ উপস্থিত ছিলেন। অতিথিগণ শচীন দেববর্মণের প্রতিকৃতিতে মাল্যদান ও পুষ্পার্ঘ অর্পণের মাধ্যমে শ্রদ্ধা জানান। অনুষ্ঠানে এছাড়াও স্থানীয় শিল্পীদের দ্বারা এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

*******